গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সরকারী আবাসন পরিদপ্তর
আইসিটি শাখা,
www.doga.gov.bd

**স্মারক নম্বর:** ২৫.৪৩.০০০০.০০০.০১৫.০১.০০০৩.১৯.২০

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **আলীগঞ্জ, নারায়ণগঞ্জে অবস্থিত ডি-১ এবং ডি-২ শ্রেণির ২০০ (দুইশত) টি সরকারি আবাসন অনলাইনে বরাদ্দ প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী আবাসন পরিদপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত সরকারি আবাসন এলাকা, আলীগঞ্জ, নারায়ণগঞ্জে অবস্থিত নিম্নবর্ণিত ডি-১ এবং ডি-২ শ্রেণির বাসা স্বয়ংক্রিয়/অনলাইন পদ্ধতিতে বরাদ্দ প্রদান করা হবে। বরাদ্দ প্রত্যাশীগণকে নিম্নের ওয়েব এড্রেসের মাধ্যমে প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো:

**২। ডি-১ শ্রেণি** (১০০০ ব:ফু:)

| | |
|---|---|
| আবেদন দাখিলের ওয়েব ঠিকানা | **www.bashaonline.com** |
| আবাসন শ্রেণি | **ডি-১ শ্রেণি** |
| আবেদনকারীর যোগ্যতা/প্রাধিকার | **৭ম, ৮ম এবং ৯ম গ্রেড, ন্যূনতম মূলবেতন : ২২,০০০/-** |
| বরাদ্দপ্রত্যাশীগণের কর্মস্থল | ঢাকা সিটি কর্পোরেশন এলাকা<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকা |
| আবেদন দাখিলের সময়সীমা | **০১ মার্চ ২০২৬ হতে ৩১ মার্চ ২০২৬** |

**০৩। ডি-২ শ্রেণি** (৮০০ ব:ফু:)

| | |
|---|---|
| আবেদন দাখিলের ওয়েব ঠিকানা | **www.bashaonline.com** |
| আবাসন শ্রেণি | **ডি-২ শ্রেণি** |
| আবেদনকারীর যোগ্যতা/প্রাধিকার | **১০ম, ১১শ এবং ১২শ গ্রেড, ন্যূনতম মূলবেতন : ১৪,৪৫০/-** |
| বরাদ্দপ্রত্যাশীগণের কর্মস্থল | ঢাকা সিটি কর্পোরেশন এলাকা<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকা |
| আবেদন দাখিলের সময়সীমা | **০১ মার্চ ২০২৬ হতে ৩১ মার্চ ২০২৬** |

**৪। বরাদ্দযোগ্য ফ্ল্যাটসমূহ**

| | |
|---|---|
| ডি-১ শ্রেণি | শীতলক্ষ্যা (ডি-১)<br>1-A, 1-B, 1-C, 1-D, 1-E, 1-F, 2-A 2-B, 2-C, 2-D, 2-E, 2-F, 3-A, 3-B, 3-C, 3-D, 3-E, 3-F, 4-A, 4-B, 4-C, 4-D, 4-E, 4-F, 5-A, 5-B, 5-C, 5-D, 5-E, 5-F, 10-B, 10-C, 10-D, 10-E, 10-F, 11-A, 11-B, 11-C, 11-D, 11-E, 11-F, 12-A, 12-B, 12-C, 12-D, 12-E, 12-F, 13-A, 13-B, 13-C, 13-D, 13-E, 13-F, 14-A, 14-B, 14-C, 14-D, 14-E, 14-F = ৫৯ টি<br>বুড়িগঞ্জা (ডি-১)<br>1-A, 1-B, 1-C, 1-D, 1-E, 1-F, 2-A, 2-B, 2-C, 2-D, 2-E, 2-F, 3-A, 3-B, 3-C, 3-D, 3-E, 3-F, 4-A, 4-B, 4-C, 4-D, 4-E, 4-F, 9-B, 9-C, 9-D, 9-E, 9-F, 10-A, 10-B, 10-C, 10-D, 10-E, 10-F, 11-A, 11-B, 11-C, 11-D, 11-E, 11-F, 12-A, 12-B, 12-C, 12-D, 12-E, 12-F, 13-A, 13-B, 13-C, 13-D, 13-E, 13-F, 14-A, 14-B, 14-C, 14-D, 14-E, 14-F = ৫৯ টি |

| | |
|---|---|
| ডি-২ শ্রেণি | ধলেশ্বরী (ডি-২)<br>1-A, 1-B, 1-C, 1-D, 1-E, 1-F, 2-A, 2-B, 2-C, 2-D, 2-E, 2-F, 3-A, 3-B, 3-C, 3-D, 3-E, 3-F, 4-A, 4-B, 4-C, 4-D, 4-E, 4-F, 5-A, 5-B, 5-C, 5-D, 5-E, 5-F, 10-C, 10-D, 10-E, 10-F, 11-A, 11-B, 11-C, 11-D, 11-E, 11-F, 12-A, 12-B, 12-C, 12-D, 12-E, 12-F, 13-A, 13-B, 13-C, 13-D, 13-E, 13-F, 14-A, 14-B, 14-C, 14-D, 14-E, 14-F = ৫৮ টি<br>ব্রহ্মপুত্র (ডি-২)<br>1-A, 1-B, 1-C, 1-D, 1-E, 1-F, 2-A, 2-B, 2-C, 2-D, 2-E, 2-F, 3-A, 3-B, 3-C, 3-D, 3-E, 3-F, 14-A, 14-B, 14-C, 14-D, 14-E, 14-F = ২৪ টি |

**৫। শর্তাবলি**

১। Bangladesh Allocation Rules 1982- এর Rule 3 এবং Rule 4(1) [১৯ ডিসেম্বর, ২০১৮ তারিখের ২৫.০১.০০০০.০১৪.২২.০০৩.০৪-৫৫ স্মারকপত্রসহ] এ সংক্রান্ত সর্বশেষ নির্দেশনা অনুসারে নির্ধারিত প্রাধিকার অনুসৃত হবে;

**২। ঢাকা সিটি কর্পোরেশন এলাকা** এবং **নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন** এলাকায় কর্মরত বরাদ্দপ্রত্যাশীগণ আবেদন করতে পারবেন;

**৩। ফতুল্লা নারায়ণগঞ্জস্থ ফ্ল্যাটসমূহের কর্তনযোগ্য বাড়ি ভাড়া সরকারি বিধি মোতাবেক প্রযোজ্য হারে কর্তন হবে। এক্ষেত্রে বরাদ্দপ্রাপ্ত কর্মচারী কোনো বিশেষ রিবেট প্রাপ্য হবেন না;**

৪। স্বয়ংক্রিয় পদ্ধতিতে দাখিলকৃত তথ্যাবলির প্রমাণকসমূহ সংযুক্ত করতে হবে; অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ কিংবা উপযুক্ত প্রমাণক ছাড়া আবেদন দাখিল করা হলে আবেদন বিবেচিত হবে না;

৫। প্রাপ্ত আবেদনসমূহ যাচাই/বাছাইসহ বরাদ্দ সুপারিশের চূড়ান্ত ফলাফল প্রকাশ বা বাতিলের এখতিয়ার এ পরিদপ্তর সংরক্ষণ করবে;

৬। যে কোন সময়ে প্রদত্ত তথ্য Bangladesh Allocation Rule, 1982 এর সাথে অথবা শর্তাবলির ১ নং ক্রমিকের বর্ণনার সাথে কোনোরূপ অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বরাদ্দ প্রত্যাহার অথবা বাতিলের এখতিয়ার এ পরিদপ্তর সংরক্ষণ করে;

৭। একই পেশা/পদের আবেদন বিবেচনার ক্ষেত্রে বাসা বরাদ্দের সংখ্যা/আনুপাতিক হার নির্ধারণের ক্ষমতা এ পরিদপ্তর সংরক্ষণ করে;

৮। বরাদ্দপত্র গ্রহণের সময় বরাদ্দের সুপারিশপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণকে তাদের প্রয়োজনীয় যোগ্যতার প্রমাণক আবশ্যিকভাবে দাখিল করতে হবে;

৯। নোটিশের সাথে সংযুক্ত নির্দেশনা যথাযথ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো;

**৬। বিশেষ দ্রষ্টব্য:**

****বরাদ্দপ্রাপক ব্যক্তি বরাদ্দ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে অথবা বরাদ্দপত্রে উল্লিখিত তারিখের মধ্যে দখল গ্রহণ না করলে স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ বাতিল হবে।**

**** বরাদ্দপ্রাপক নিজে দখল গ্রহণ না করে অন্য কাউকে অনাপত্তি/সুপারিশ প্রদান করলে তার বরাদ্দ বাতিল বলে গণ্য হবে এবং ভবিষ্যতে ২ (দুই) বছরের জন্য কালো তালিকাভুক্ত হবেন/বরাদ্দ প্রক্রিয়ায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হবেন।**

**** ইত:পূর্বে যে সকল কর্মচারী হার্ডকপি/ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন করে বরাদ্দ পাননি, তারাও অনলাইনে আবেদন করতে পারবেন।**

**৭। প্রয়োজনে সরকারি আবাসন পরিদপ্তরের নিম্নবর্ণিত ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে:**

| | |
|---|---|
| **উপ পরিচালক**<br>ডি-১ শ্রেণি বরাদ্দ শাখা<br>সরকারি আবাসন পরিদপ্তর<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা।<br>ফোন : ০১৮১৭১১৩১৪৩ | **উপ পরিচালক**<br>ডি-২ শ্রেণি বরাদ্দ শাখা<br>সরকারি আবাসন পরিদপ্তর<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা।<br>ফোন : ০১৭১১৩৮৪৬০৭ |

**সংযুক্তিঃ**
(১) নির্দেশনা

০১-০৩-২০২৬
মোঃ আসাদুজ্জামান
পরিচালক
ফোন : +৮৮০২৫৫১০১০৩৭
ফ্যাক্স : ০২-৯৫৪৬৪৬৩
ইমেইল : director@doga.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সিনিয়র সচিব/সচিব (সকল) এবং
২। রেক্টর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা।

**স্মারক নম্বর:** ২৫.৪৩.০০০০.০০০.০১৫.০১.০০০৩.১৯.২০/১ (৬)

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ০১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব ( সিনিয়র সহকারী সচিব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৪। উপ-পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর।
৫। সহকারী পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর এবং
৬। অফিস ফ্রন্টডেস্ক, আইসিটি শাখা, সরকারী আবাসন পরিদপ্তর।

০১-০৩-২০২৬
আব্দুল্লাহ্-আল-নোমান
সহকারী পরিচালক

# বিশেষ নির্দেশাবলি

১। আবেদন সাবমিশনের পর এনআইডি পূর্বে ব্যবহৃত হয়েছে মর্মে মেসেজ পেলে কিংবা আবেদন সাবমিশনের পর নিশ্চিতকরণ ইমেইল না পেলে নিম্ন বর্ণিত পদ্ধতি অনুসরণের অনুরোধ করা হলো:

- www.bashaonline.com ওয়েবসাইটে গিয়ে Log In অংশে ক্লিক করুন;
- Forgot Password এ ক্লিক করে আবেদনে ব্যবহৃত ইমেইল এড্রেস লিখুন;
- ক্যাপচাতে ক্লিক করে টিক চিহ্ন দিন;
- Submit বাটনে ক্লিক করুন;
- এবার আপনার ইমেইল চেক করে প্রাপ্ত লিংকে ক্লিক করে Password সেট করুন;
- www.bashaonline.com এ Log In করে প্রোফাইল এবং আবেদনের অবস্থা দেখুন;

২। প্রোফাইলে প্রদত্ত তথ্যাদি ভুল হলে :

- www.bashaonline.com এ Log In করুন;
- Profile অংশে গিয়ে আবেদন বাতিল করুন;
- তথ্যাদি সংশোধন করুন;
- নির্ধারিত তারিখের পূর্বে পুনরায় আবেদন করুন;

৩। ফল দেখার জন্য :

- www.bashaonline.com এ Log In করুন;
- Home এ ক্লিক করুন;
- কাঙ্ক্ষিত শ্রেণির বাসার ক্যাটাগরির ডান পাশে সাম্প্রতিক ফলাফল অংশে ক্লিক করুন;

** অনেকে আবেদনে ভুল তথ্য দিয়ে সাবমিট করেন। আপনারা দয়া করে নিজ প্রোফাইলে সকল তথ্যাদি ভালোভাবে দেখে দাখিল করবেন। উল্লেখ্য, নোটিশ বন্ধ হওয়ার পর (আবেদনের নির্ধারিত সময় শেষে) আবেদন নিরীক্ষা করা হবে।